গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, আটঘরিয়া, পাবনা।
doict.atghoria.pabna.gov.bd

# উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যবিবরণী (মার্চ/২০২৪)

বিষয় : উপজেলা আইসিটি কমিটির মার্চ/২৪ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী
তারিখ : ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১১:৩০ টা
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
সভাপতি : জনাব মোঃ নাহারুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ডিজিটাল বাংলাদেশ রূপকল্প এর সফল বাস্তবায়নের ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন-এ তথ্যপ্রযুক্তির নতুন উদ্ভাবন, নাগরিক সেবা খাতের সমৃদ্ধি বিষয়ে সর্বাধিক গুরুত্ব আরোপ করে উপজেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ। | উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ (বাংলা ও ইংরেজি ভার্ষন) শতভাগ হাল-নাগাদ করার জন্য সকল সরকারি দপ্তরে হালনাগাদ করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এই বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলার সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি (বাংলা ও ইংরেজি ভার্সন) নিয়মিতভাবে হালনাগাদ করবে। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা কর্তৃক সকল সরকারি দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র প্রেরণ করা হয় এবং প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলার সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা। |
| ০২ | ই-নথি বাস্তবায়ন। | আটঘরিয়া, পাবনা উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ ১০ টি দপ্তরে ই-নথি কার্যক্রম চালু আছে। ই-নথি কার্যক্রমের রিপোর্ট নিয়মিত প্রদান করা হয় এবং প্রতিনিয়ত র‍্যাংকিং প্রকাশ করা হয়। | ম্যানুয়াল নথির পরিবর্তে ই-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা কে অনুরোধ করা হয়। | ই-নথির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা (কারিগরি সহযোগীতা প্রদানের জন্য)। |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল | অত্র উপজেলার ১০ (দশ) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে। ল্যাবসমূহ যথাযথ | শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং |

| | | | | |
|---|---|---|---|---|
| | ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন। | ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়।নতুন আবেদনকৃত একটি ল্যাব যাচাই-বাছাই পূর্বক জেলা কার্যালয়, পাবনা-এ প্রেরণ করা হয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা । |
| ০৪ | মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম মনিটরিং। | অত্র উপজেলার প্রায় সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাশের মাধ্যমে পাঠদান হয় কিনা সেটা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটঘরিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা। |
| ০৫ | আইসিটি ইন এডুকেশন, লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স ট্রেইনিং সংক্রান্ত। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প এ অধিদপ্তরের একটি ফ্লাগশিপ প্রকল্প। প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৪০০১টি ও ২য় পর্যায়-এ ৫০০০টি সহ মোট ৯০০১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ল্যাবের ৪ জন করে শিক্ষক এর সমন্বয়ে ১০ দিন ব্যাপী আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | আটঘরিয়া, পাবনা উপজেলায় প্রতিটি ল্যাবের ৪ জন করে ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৪০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের সার্টিফিকেট প্রদানের কাজ চলমান আছে। | ১।সহকারী প্রোগ্রামার, আটঘরিয়া, পাবনা।<br>২।অধ্যক্ষ...... বিদ্যালয়, আটঘরিয়া, পাবনা। |
| ০৬ | সুরক্ষা: কোভিড-১৯ করোনা ভ্যাকসিন নিবন্ধন। | সুরক্ষা: কোভিড-১৯ করোনা ভ্যাকসিন নিবন্ধন https://surokkha.gov.bd/ সাইট এ নিবন্ধন। | প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট ব্যক্তি, সহকারী প্রোগ্রামার, আটঘরিয়া, পাবনা। |
| ০৭ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিংকরণ। | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং | ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। | প্রদর্শন করছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা কে অনুরোধ করা হয়। | অধিদপ্তর, আটঘরিয়া, পাবনা। |
| ০৮ | দাপ্তরিক ইমেইল ব্যবহার। | দাপ্তরিক ইমেইল এর যথাযথ ব্যবহার। | দাপ্তরিক ইমেইল নীতিমালা অনুসরণ করে সকল দপ্তরকে ইমেইল যথাযথ ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আইসিটির বিকাশ ও উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১/৩/২৪

(মোঃ নাহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
আটঘরিয়া, পাবনা।

স্মারক নম্বরঃ ৫৬.০৪.৭৬০৫.০০০.৩৮.০১৬.২৩-৫৭

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ / ৩১ মার্চ ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপজেলা চেয়ারম্যান, আটঘরিয়া, পাবনা;
২। উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনা;
৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাবনা;
৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। উপজেলা .................................................. অফিসার, আটঘরিয়া, পাবনা;
৬। .................................................. আটঘরিয়া, পাবনা;
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................................. আটঘরিয়া, পাবনা;
৮। ইউপি সচিব/উদ্যোক্তা (সকল), আটঘরিয়া, পাবনা;
৯। অফিস কপি।

৩১/০৩/২৪

(রজনী কান্ত দাস)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
আটঘরিয়া, পাবনা।